# কপিষ্টা সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড
# ৬৫ তম বার্ষিক সাধারণ সভার (AGM) কার্যবিবরণী ও গৃহীত সিদ্ধান্তসমূহ

**তারিখ:** ২৭ সেপ্টেম্বর, ২০২৫
**সময়:** দুপুর ২:০০ ঘটিকা
**স্থান:** সমিতির নতুন ভবন

---

***উপস্থিত সদস্য গনের নাম:-***

*১. রকিবউদ্দীন মল্লিক*
*২. জাকির মিদ্দা*
*৩. আসিফা বেগম*
*৪. সেলিমা খাতুন*
*৫. তানজিলা বেগম*
*৬. আসমিনা বেগম*
*৭. আলিনা বেগম*
*৮. মনিরুল ইসলাম মল্লিক*
*৯. আমেজ মল্লিক*
*১০. টিপু সুলতান খান*
*১১. লাজিব খান*
*১২. মহিউদ্দিন মল্লিক*
*১৩. রব্বুল খান*
*১৪. সুদন রায়*
*১৫. রফিউদ্দিন খান*
*১৬. আলি ইমাম খান*
*১৭. খাইরুল হক*
*১৮. জামালুদ্দিন খান*
*১৯. ফেরদৌস আলম খান*
*২০. জবারুল মল্লিক*
*২১. জাহির হোসেন খান*
*২২. ফিস্তার আলী খান*
*২৩. আনোয়ার খান*
*২৪. আজিরুল মিদ্দা*
*২৫. আরমান মল্লিক*
*২৬. মোঃ নাসিম খান*
*২৭. আসিফ উদ্দিন মিদ্যা*
*২৮. সুধীর বাউরী*
*২৯. আলিয়া বেগম*
*৩০. মোঃ টিপু সুলতান মিদ্দা*
*৩১. নাজ পারভিন খাতুন*
*৩২. তৌফিকুর রহমান*

সভাপতি রফিউদ্দিন খান মহাশয় উপস্থিত সকল প্রতিনিধি, সদস্য ও অতিথিবৃন্দকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**শোকপ্রস্তাব**

সভা শুরুর পূর্বে সমিতির প্রাক্তন পরিচালক ও সমবায় আন্দোলনের নিবেদিতপ্রাণ কর্মী মরহুম এপতেখারুল হক মহাশয়সহ বিগত বছরে প্রয়াত সকল সদস্য, সমাজসেবী ও শুভানুধ্যায়ীদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়। তাঁদের আত্মার মাগফিরাত কামনা করে সভায় উপস্থিত সকলে এক মিনিট নীরবতা পালন করেন।

**সম্পাদকের প্রতিবেদন উপস্থাপন**

সমিতির সম্পাদক আলি ইমাম খান মহাশয় বিগত অর্থবছরের কার্যক্রম, আর্থিক অবস্থা, সাফল্য, সীমাবদ্ধতা ও ভবিষ্যৎ পরিকল্পনা সংবলিত বিস্তারিত প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। প্রতিবেদনটির মুদ্রিত কপি প্রতিনিধিদের মধ্যে বিতরণ করা হয়।

প্রতিবেদনে নিম্নলিখিত বিষয়সমূহ বিশেষভাবে তুলে ধরা হয়—

১. আমানত বিভাগের কার্যক্রম সন্তোষজনকভাবে পরিচালিত হয়েছে এবং ভবিষ্যতে পুনরায় ঋণদান কার্যক্রম চালুর উদ্যোগ গ্রহণ করা হবে।

২. দুয়ারে রেশন প্রকল্পের আওতায় রেশন পরিষেবা নিয়মিতভাবে পরিচালিত হচ্ছে এবং স্থানীয় জনগণের স্বার্থে পরিষেবা অব্যাহত থাকবে।

৩. কৃষকদের সুবিধার্থে সার বিক্রয় পুনরায় চালুর লক্ষ্যে লাইসেন্স নবীকরণের জন্য আবেদন করা হয়েছে।

৪. দীর্ঘদিন বন্ধ থাকা ও বকেয়া ভাড়াযুক্ত দোকানঘরসমূহ পুনরায় সচল করা এবং বকেয়া ভাড়া আদায়ের জন্য পরিচালন সমিতি কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছে।

৫. কৃষকদের সুবিধার্থে অতিরিক্ত স্প্রে মেশিন সংগ্রহ করা হয়েছে এবং ভাড়াভিত্তিক কৃষি যন্ত্র পরিষেবা সম্প্রসারণের উদ্যোগ নেওয়া হয়েছে।

৬. সমিতির অবকাঠামোগত উন্নয়নের অংশ হিসেবে ব্যাকআপ বিদ্যুৎ ব্যবস্থা, সাবমারসিবল পাম্প, পর্যাপ্ত আলোকসজ্জা ও সিসিটিভি ব্যবস্থা স্থাপন এর কাজ চলছে।

৭. রাজ্য সরকারের নির্দেশ অনুসারে সমিতির তথ্য ডিজিটাল প্ল্যাটফর্মে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং ভবিষ্যতে আমানত বিভাগের লেনদেন কম্পিউটারভিত্তিক করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

৮. এম.এস.পি. মূল্যে ধান সংগ্রহের জন্য আবেদন করা হয়েছে এবং অনুমোদন প্রাপ্ত হলে কৃষকদের ন্যায্যমূল্যে ধান বিক্রয়ের সুযোগ নিশ্চিত করা হবে।

**প্রতিনিধিদের আলোচনা ও মতামত**

এরপর সভাপতি মহাশয় উপস্থিত প্রতিনিধিদের প্রতিবেদন ও সমিতির কার্যক্রম সম্পর্কে মতামত ও পরামর্শ প্রদানের জন্য আহ্বান জানান।

সভায় উপস্থিত প্রতিনিধি ফেরদৌস আলম খান সম্পাদকের প্রতিবেদনের প্রতি পূর্ণ আস্থা জ্ঞাপন করে নিত্যপ্রয়োজনীয় পণ্যসামগ্রীর ডিপার্টমেন্টাল স্টোর, প্যাথলজি ক্লিনিক, স্বাস্থ্য শিবির, সমিতির ওয়েবসাইট ও সামাজিক যোগাযোগ মাধ্যমের সম্প্রসারণ এবং সহকারী ম্যানেজার নিয়োগের প্রস্তাব দেন। পাশাপাশি কৃষিকাজে অনীহার কারণ অনুসন্ধান করে অনাবাদি জমির সমস্যা মোকাবিলার উদ্যোগ গ্রহণের আহ্বান জানান।

প্রতিনিধি থায়রুল হক খান সমিতিকে গ্রামীণ উন্নয়নমূলক কাজে আরও সক্রিয় ভূমিকা গ্রহণের আহ্বান জানিয়ে রাস্তাঘাট সংস্কার ও মেরামতের বিষয়টি উত্থাপন করেন।

জনাব আনোয়ার খান কৃষি যন্ত্রপাতি বিশেষত স্প্রে মেশিনের সংখ্যা বৃদ্ধির প্রস্তাব দেন।

শ্রীমতী আসমিনা বেগম এলাকার দীর্ঘদিনের দাবির প্রেক্ষিতে একটি মাল্টিপারপাস ম্যারেজ হল নির্মাণের প্রস্তাব দেন।

বি.ও.ডি সদস্য তফিকুর রহমান নেবুলাইজার, অক্সিজেন কনসেন্ট্রেটরসহ বিভিন্ন চিকিৎসা সরঞ্জাম সংগ্রহ করে ভাড়াভিত্তিক স্বাস্থ্য পরিষেবা চালুর প্রস্তাব দেন।

শ্রীমতী সেলিমা বেগম যুবসমাজের শারীরিক ও মানসিক বিকাশের লক্ষ্যে খেলাধুলার সরঞ্জাম ও ক্রীড়াভিত্তিক পরিকাঠামো গড়ে তোলার প্রস্তাব দেন।

**সম্পাদকের জবাবী ভাষণ**

জবাবী ভাষণে সম্পাদক মহাশয় উল্লেখ করেন যে, দীর্ঘ তিন বছর পরিচালন কমিটি না থাকার পর বর্তমান পরিচালন কমিটি সদস্যদের প্রত্যাশা পূরণে সম্পূর্ণভাবে বদ্ধপরিকর। তিনি সভায় উত্থাপিত প্রতিটি প্রস্তাব ও মতামতকে সর্বোচ্চ গুরুত্বের সঙ্গে বিবেচনা করে সমবায় আইন, বিধি ও সরকারি নির্দেশিকা অনুসরণপূর্বক পর্যায়ক্রমে বাস্তবায়নের আশ্বাস প্রদান করেন।

তিনি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন যে, সমিতিকে একটি স্বনির্ভর, আধুনিক ও আদর্শ সমবায় প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে আয়বর্ধক প্রকল্প গ্রহণ, কৃষক ও সদস্যসেবার পরিধি সম্প্রসারণ, অবকাঠামোগত উন্নয়ন, প্রযুক্তিনির্ভর সেবার প্রসার, আর্থিক স্বচ্ছতা ও সুশাসন নিশ্চিতকরণসহ সদস্যকল্যাণমূলক বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হবে। সকল সদস্যের সক্রিয় সহযোগিতা ও অংশগ্রহণের মাধ্যমে সমিতিকে আরও শক্তিশালী, গতিশীল ও আর্থিকভাবে সমৃদ্ধ প্রতিষ্ঠানে রূপান্তরিত করার জন্য পরিচালন কমিটি আন্তরিকভাবে কাজ করবে বলেও তিনি অঙ্গীকার ব্যক্ত করেন।

তিনি আরও জানান যে, চিকিৎসা সরঞ্জাম ভাড়াভিত্তিক পরিষেবা চালুর প্রস্তাবটি বাস্তবায়নের পূর্বে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রয়োজনীয় অনুমোদন ও আইনগত দিকসমূহ যাচাই করে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে। এছাড়া, ন্যূনতম সহায়ক মূল্য (MSP)-এ ধান সংগ্রহের সম্ভাব্য অনুমোদনের বিষয়টি বিবেচনায় রেখে সমিতির অবশিষ্ট দোকানঘরসমূহ আপাতত ভাড়া প্রদান করা সম্ভব হবে না, কারণ প্রয়োজনে সেগুলি ধান সংরক্ষণ ও গুদামজাতকরণের কাজে ব্যবহার করতে হতে পারে।

**আলোচ্য সূচি অনুযায়ী আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ:**

1. পরিচালন পর্ষদের নির্বাচন ইতিমধ্যে সম্পন্ন হওয়ায় এ বিষয়ে পৃথক কোনো সিদ্ধান্তের প্রয়োজন হয়নি।
2. বিগত তিন বছর সরকারি নির্দেশে কোনো কমিটি না থাকায় এজিএম হয়নি।
3. বোর্ড দ্বারা প্রস্তুত সম্পাদকের প্রতিবেদনের উপর সভায় আলোচনা হয়, বিস্তারিত আলোচনার পর প্রতিবেদন সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।
4. ৯৮ ধারা অনুযায়ী সম্পাদিত ২০২৪-২৫ অর্থবর্ষের অডিট রিপোর্ট, নিরীক্ষা সংশোধনী প্রতিবেদন এবং হিসাবপত্র পর্যালোচনা করে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।
5. ২০২৫-২৬ অর্থবছরের বাজেট পেশ করা হয়—

**বাজেট ২০২৫-২৬**

| আয় | | ব্যায় | |
|---|---|---|---|
| ১। ঋণের সুদ | ১,০০,০০০/- | ১। সভ্যদের আমানতের সুদ | ২০০০,০০০/- |
| ২। ব্যাংকে জমার সুদ | ৪৫,০০,০০০/- | ২। কর্মচারীদের বেতন বাবদ | ৫০০,০০০/- |
| ৩। ভর্তিফি বাবদ | ২,০০০/- | ৩। পিএফ অনুদান বাবদ | ৫০,০০০/- |
| ৪। ব্যবাসা হইতে আয় | ৩০০,০০০/- | ৪। গ্র্যাচুয়েটি ফান্ড বাবদ | ৫০,০০০/- |
| ৫। ঘর ভাড়া হইতে আয় | ১০০,০০০/- | ৫। সাধারণ সভার খরচ | ৫০,০০০/- |
| ৬। বিবিধ হইতে আয় | ৫০,০০০/- | ৬। বোর্ড মিটিং খরচ | ৩০,০০০/- |
| | | ৭। অতিথী আপ্যায়ন খরচ | ২০,০০০/- |
| | | ৮। প্রিন্টিং ও স্টেশনারি খরচ | ৫০,০০০/- |
| | | ৯। করজের সুদ বাবদ | ৫০,০০০/- |
| | | ১০। কর্মচারীদের বোনাস | ৩০,০০০/- |
| | | ১১। ইলেকট্রিক ও টেলিফোন ব্যয় | ৩০,০০০/- |
| | | ১২। লভ্যাংশ বিতরণ | ২০০,০০০/- |
| | | ১৩। অডিট ফি বাবদ | ১৫,০০০/- |
| | | ১৪। Depriciation | ৫০,০০০/- |
| | | ১৫। গোডাউন সংস্কার | ৫০,০০০/- |
| | | ১৬। সিসিটিভি লাগানো | ১২০,০০০/- |
| | | ১৭। পাওয়ার ব্যাকআপ ও লাইট | ৪০,০০০/- |
| | | ১৮। সাবমারসিবল পাম্প পাইপলাইন | ৭০,০০০/- |
| | | ১৯। বিল্ডিং মেরামত | ১০০,০০০/- |
| | | **মোট ............ ...............** | **৩৫,০৫,০০০/-** |
| | | লভ্যাংশ | ১৫,৪৭,০০০/- |
| | | **মোট:** | **৫০,৫২,০০০.০০/-** |
| **মোট আয় :** | **৫০,৫২,০০০.০০** | | |

আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে ২০২৫-২৬ অর্থবছরের বাজেট অনুমোদিত হয়।

6. সমবায় আইন ও নিয়মাবলী অনুসারে পরিদর্শন ও তদন্তের প্রতিবেদন না থাকায় আলোচনা প্রয়োজন হয়নি।
7. পরিচালন কমিটির পরিচালকবর্গ বা তাঁদের আত্মীয়স্বজনদের কোনো ঋণ নেওয়া বা অগ্রিম নেওয়া নেই, তাই এই বিষয়ে আলোচ্য কিছু না থাকায় আলোচনার প্রয়োজন হয়নি। তবে বিগত প্রায় তিন বছর ঋণদান কার্যক্রম বন্ধ থাকার পর আজকের সভায় পুনরায় ঋণদান কার্যক্রম চালুর ব্যাপারে সিধান্ত গৃহীত হয়।
8. নতুন কমিটি আসার পর বা বিগত তিন বছরে কোনো নিয়োগ হয়নি, তাই এই সম্বন্ধীয় কোনো আলোচনার প্রয়োজন হয়নি।
9. নতুন কমিটি হওয়ার পর এখনো পর্যন্ত কোনো বিশেষ রিজার্ভ বা অন্যান্য ফান্ড তৈরির প্রয়োজন হয়নি, তাই এই সম্বন্ধীয় কোনো আলোচনার হয়নি।
10. মুনাফা বন্টন সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, সমিতির একাধিক মৃত শেয়ারহোল্ডারের উল্লেখযোগ্য পরিমাণ শেয়ার এখনও তাঁদের বৈধ ওয়ারিশদের নামে হস্তান্তর করা সম্ভব হয়নি। ফলে বর্তমান পরিস্থিতিতে মুনাফা বন্টন করলে আইনি ও প্রশাসনিক জটিলতার সৃষ্টি হতে পারে। বিষয়টি বিবেচনা করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, মৃত শেয়ারহোল্ডারদের শেয়ার যথাযথ আইনানুগ প্রক্রিয়ায় উত্তরাধিকারীদের নামে হস্তান্তরের কার্যক্রম সম্পন্ন হওয়ার পরই মুনাফা বন্টনের বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করা হবে। ব্যবসায় ক্ষতির পর্যালোচনা এবং ক্ষতিপূরণের পরিকল্পনা প্রসঙ্গ উত্থাপন করা হয়, কিন্তু বিগত বছরের ব্যবসায় কোনো প্রকার ক্ষতির সম্মুখীন হতে হয়নি বলে এই ব্যাপারে কোনো সিদ্ধান্তমূলক আলোচনা প্রয়োজন হয়নি।

11. বিগত বছরে সমিতির ব্যবসায় কোন ক্ষতি পরিলক্ষিত হয়নি। তাই ক্ষতিপূরণ প্রসঙ্গে আলোচনার প্রয়োজন হয়নি।
12. দীর্ঘমেয়াদি ও বার্ষিক পরিকল্পনা সম্পাদকের প্রতিবেদনে উত্থাপিত হয়। বিশেষ করে এম.এস.পিতে ধান কেনা, কৃষি পরিষেবা সম্প্রসারণ, ডিজিটাল ব্যবস্থাপনা, ওয়েবসাইট নির্মাণ, জরুরি চিকিৎসা সরঞ্জাম, কৃষি যন্ত্র ভাড়া, পানীয় জলের ট্যাংকার ভাড়া, ম্যারেজ হল নির্মাণ এবং অন্যান্য জনকল্যাণমূলক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে পরিকল্পনা পর্ষদকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ক্ষমতা প্রদান করা হয়।

13. পরিচালন কমিটির সদস্যদের অতিরিক্ত দায়ভার অনুমোদনের কোনো প্রস্তাব না থাকায় এ বিষয়ে কোনো আলোচনা প্রয়োজন হয়নি।
14. প্রয়োজনমতো ক্ষমতা অর্পণ সংক্রান্ত বিষয়ে আলোচনা করে পরিচালন কমিটিকে সমবায় আইন ও বিধি অনুযায়ী প্রয়োজনীয় প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা বহাল রাখা হয়।
15. উপবিধি সংশোধনের কোনো প্রস্তাব না থাকায় এই ব্যাপারে কোনো আলোচনা প্রয়োজন হয়নি।
16. সদস্য বহিষ্কার সংক্রান্ত কোনো প্রস্তাব না থাকায় এই ব্যাপারে কোনো আলোচনা হয়নি।
17. উপবিধি অনুযায়ী আর অন্য কোনো ব্যাপারে আলোচনা হয়নি।

18. মূল আলোচনার বাইরে সম্পাদকের প্রতিবেদন ও বিভিন্ন প্রস্তাব অনুযায়ী সমিতির আইন ও উপবিধি অনুসারে নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হয়--

i. এমএসপিতে ধান কেনার কর্মসূচিকে সমিতির সর্বোচ্চ অগ্রাধিকার প্রকল্প হিসেবে গ্রহণ করা হয়।
ii. বিগত কমিটির সিধ্যান্ত আনুজায়ী ঋণদান কার্যক্রম বন্ধ ছিল, আজকের সভায় পুনরায় ঋণদান কার্যক্রম চালুর প্রস্তাব আনুমদিত হয়।
iii. সার বিক্রয়, কৃষি যন্ত্র ভাড়া, কৃষি পরিষেবা সম্প্রসারণ ও কৃষক প্রশিক্ষণ কর্মসূচি রূপায়ণের নীতিগত অনুমোদন প্রদান করা হয়।
iv. সমিতির ওয়েবসাইট ও সামাজিক যোগাযোগমাধ্যমভিত্তিক তথ্য প্রচার ব্যবস্থা গড়ে তোলার সিদ্ধান্ত গৃহীত হয়।
v. সদস্যদের বিবাহ, সামাজিক অনুষ্ঠানসহ বিভিন্ন প্রয়োজনে নিরাপদ পানীয় জল সরবরাহের সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে সমিতির পক্ষ থেকে একটি পানীয় জল পরিবহনযোগ্য ট্যাঙ্কার ক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।
vi. এলাকার সাধারণ মানুষের জরুরি ভিত্তিক চিকিৎসা প্রয়োজনের কথা বিবেচনা করে অক্সিজেন কনসেন্ট্রেটরসহ, নেবুলাইজার, ইত্যাদি প্রয়োজনীয় জীবনদায়ী চিকিৎসা সরঞ্জাম পর্যায়ক্রমে ক্রয় করে স্বল্প ভাড়ায় সদস্য ও সাধারণ মানুষের ব্যবহারের জন্য উপলব্ধ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।
vii. সদস্যদের দীর্ঘদিনের দাবির প্রেক্ষিতে মাল্টিপারপাস ম্যারেজ হল নির্মাণের পরিকল্পনা অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভাপতি রফিউদ্দিন খান মহাশয় ম্যারেজ হল নির্মাণ, আয়বর্ধক প্রকল্প গ্রহণ এবং যুব সমাজের উন্নয়নে কার্যকর উদ্যোগ গ্রহণের প্রত্যয় ব্যক্ত করেন। তিনি আশা প্রকাশ করেন যে বর্তমান পরিচালন কমিটি নির্ধারিত মেয়াদের মধ্যে পাপিষ্ঠ সমবায় সমিতিকে একটি শক্তিশালী ও আদর্শ সমবায় প্রতিষ্ঠানে পরিণত করবে। পরিশেষে সভাপতি মহাশয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

| | |
|---|---|
| **সম্পাদক** | **সভাপতি** |
| (আলি ইমাম খান) | (রফিউদ্দিন খান) |